একজন গ্রামপুলি সারা দিনে ও রাতে ইউনিয়নে পাহাড়া ও টহলদারী করেন।

- অপরাধের সংগে সংশ্লিষ্ট সকল বিষয় অনুসন্ধান ও দমনকরেন এবং অপরাধীদের গ্রেফতার করতেসাধ্য মত পুলিশকে সহায়তা করেন।
- চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদকে সরকারী দায়িত্ব পালনে সহায়তা করেন।
- অন্য নির্দেশনা থাকলে প্রতিপনের দিন অন্তর এলাকার অবস্থা সম্পর্কে সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করেন।
- ইউনিয়নের খারাপ চরিত্রের লোকেদের গতিবিধি লক্ষ্যকরেন এবং মাঝেমাঝে থানার ভারপ্রাপ্তকর্মকর্তা কে অবহিতকরেন। পাশের এলাকাথেকে আগত কোনসন্দেহজন কব্যক্তির উপস্থিতি সম্পর্কেও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করেন।
- ইউনিয়নে লুকিয়ে থাকা কোনব্যক্তি, যার জীবন ধারণেরজন্য প্রকাশ্য কোন আয়নেই বা যেতার নিজের পরিচয় সম্পর্কে সন্তোষজনক কোন জবাব দিতে পারেনা, এমন লোক সম্পর্কে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট রিপোর্ট প্রদান করেন।
- থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সেসকল বিষয় সম্পর্কে অবহিতকরেন, যাবিরোধ, দাংগা-হাংগামা বা তুমুলকলহ সৃষ্টিকরতে পারে এবং জনগণের শান্তিবিঘ্নিত করতে পারে।
- ইউনিয়নে নিম্নলিখিত অপরাধ ঘটলেবা ঘটার সম্ভবনা সম্পর্কে কোন তথ্য জানতে পারলে তাদ্রু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত  করেন।
- যেমন- দাংগা-হাংগামা,
- গোপনে মৃতদেহ সরিয়ে জন্মসংক্রান্ত তথ্য গোপনকরা,
- কোন শিশুকে বাড়ি হতেবের করেমৃত্যুরমুখে ঠেলেদেওয়া,
- আগুনে রসাহায্যে সংঘটিত ক্ষতি,
- বিষ প্রয়োগে গবাদিপশুর অনিষ্ট বা ক্ষতিকরা,
- নর হত্যা বা আত্মহত্যার প্রচেষ্টা এবং উপরে উল্লেখিত অপরাধ সংঘটন বা অপরাধ সংঘটনকরার চেষ্টা।
    1. আমল যোগ্য অপরাধের সাথে জড়িত কোন ব্যক্তিবা যারবিরুদ্ধে যথার্থ অভিযোগউ ত্থাপনকরা হয়েছে বা বিশ্বাসযোগ্য তথ্য পাওয়া গেছে বা কোন অপরাধমূলক কাজের সহিত জড়িত থাকার যুক্তিসংগত কারন রয়েছে।
    2. বৈধ কারন ছাড়াই কোন ব্যক্তির কাছে ঘরভাঙ্গার সরঞ্জাম পাওয়াগেলে।
    3. সরকারের কোনআদেশ বলেবা ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধির (১৮৯৮সালের ৫নং আইন)  অধীনকোন ব্যক্তিকে যদি অপরাধী ঘোষণা করাহয়।
    4. যেকোন ব্যক্তি যার অধিকারে এমনসকল দ্রব্য বা মাল রয়েছে যা চোরাইমাল বলেসন্দেহ করার যথার্থ কারন রয়েছে বা এমাল দেখেসেকোন অপরাধ সংঘটনের সাথেজড়িত আছেবলে যথার্থ ভাবেসন্দেহ হলে।
    5. বৈধ হেফাজত বা তত্ত্বাবধান হতে কোন ব্যক্তি পালিয়েগেলে বা পালা বারচেষ্টা করলে।
    6. কোন ব্যক্তি কোন সরকারী কর্মচারী কে তার সরকারী দায়িত্ব পালনেবাঁ ধাদিলে।
    7. এমন কোনব্যক্তি যাকে বাংলাদেশ সেনাবাহিনী ,নৌ-বাহিনী বা বিমানবাহিনীর পলাতক সৈনিক বলে যথার্থ ভাবে সন্দেহ হলে।
    8. মুক্তি প্রাপ্ত কোন অপরাধী ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধির (১৮৯৮ সালের ৫নং আইন ৫৬৫ ধারায়) (৩) উপ ধারার কোন বিধান ভংগ করলে।
- উপরে উল্লেখিত অনুচ্ছেদে বর্ণিত অপরাধ অথবা আদালতে গ্রহণযোগ্য যে কোন অপরাধ বন্ধকরতেবা বন্ধকরার ক্ষেত্রে মধ্যস্থতা করারক্ষেত্রে যথাসাধ্য চেষ্টাকরেন।
- জন্ম ও মৃত্যু রেজিস্ট্রারসংরক্ষণ এবং জন্ম ও মুত্যুসম্পর্কে ইউনিয়ন পরিষদকে অবহিত করেন।
- মানুষ বা পশু বা ফসলের মধ্যে কোন মহামারী বা সংক্রামক রোগ বা পোকার আক্রমণ ব্যাপক আকারে দেখাদিলে সাথেসাথে ইউনিয়ন পরিষদকে এসম্পর্কে অবহিত করেন।
- কোন বাঁধে বা সেচে ক্ষতি বা ত্রুটি দেখা দিলে অনতিবিলম্বে ইউনিয়ন পরিষদ কে অবহিত করেন।
- সরকারী কাজের উদ্দেশ্যে যেকোন স্থানীয় তথ্য সরবরাহ করেন।

- খাজনা বা ভূমিউন্নয়ন কর, স্থানীয়কর,ফি বা অন্য পাওনা সংগ্রহ ও আদায়ে তিনি রাজস্ব কর্মচারীদের সহায়তা করেন।
- অধ্যাদেশের অধীনে কোন অপরাধ সংঘটন বা সংঘটনের অভিপ্রায় সম্পর্কে জ্ঞাত হলে বা জানতে পারলে তা ইউনিয়ন পরিষদকে অবহিত করেন।
- ইউনিয়ন পরিষদের বা ইউনিয়ন পরিষদের অধিকারে ন্যস্ত কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তির ক্ষতিসাধন বা প্রতিবন্ধকতা সৃষ্টি বা অন্যায় দখল সম্পর্কে তিনি অবিলম্বে ইউনিয়ন পরিষদ কে অবহিত এবং এ ধরণের ক্ষতি,প্রতিবন্ধকতা বা অন্যায় দখল রোধকরারজন্য মধ্যস্থতা করেন।
- ইউনিয়ন পরিষদের নির্দেশে কোন বাসিন্দার আবাসস্থল বা সম্পত্তির উপর পরোয়ানা জারি করেন।
- গ্রামপুলিশ ম্যাজিস্ট্রেটের আদেশও ওয়ারেন্ট বা গ্রেফতারী পরোয়ানা ছাড়াই নিম্নলিখিত ক্ষেত্রে গ্রেফতার করতে পারেন:
- সাধারণ লোক কোন ব্যক্তিকে বৈধভাবে গ্রেফতার করলে তিনিতাদের সাহায্যকরেন এবং দেরীনাকরে এ ধরণের গ্রেফতার সম্পর্কে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কে অবহিত করেন।
- গ্রামে কর্মরত সরকারী কর্মচারী বা কোন সাধারণ লোক সাময়িক ভাবে বলবৎ কোন আইন বলে কোন ব্যক্তিকে গ্রেফতার করলে তিনি তার দায়িত্বগ্রহণ করেন এবং তিনিযে ব্যক্তির বা ব্যক্তিবর্গের দায়িত্বগ্রহণ করেছেন বা তিনি নিজেই যে ব্যক্তি বা ব্যক্তিদের গ্রেফতার করেছেন তাদেরকে অনতিবিলম্বে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট হাজির করবেন।তবে শর্তথাকে যে, রাতের অন্ধকারে কোনব্যক্তি বা ব্যক্তিদের গ্রেফতার করাহলে তাকে বা তাদেরকে গ্রামে বৈধ তত্ত্বাবধানে রাখাযেতে পারে।কিন্তু পরদিন সকালে সম্ভাব্য তাড়াতাড়ি সময়ে তাদেরকে থানায় হাজির করতে হয়।
- বিভিন্ন সময়ে আইন অনুযায়ী তার উপর অর্পিত দায়িত্ব পালন করেন।উপরোক্ত কার্যাবলী ছাড়াও গ্রাম পুলিশ এলাকার বিভিন্ন ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের সদস্য হিসেবে গুরুত্ব পূর্ণ ভূমিকা পালন করেন।
- অস্বাভাবিক মৃত্যু বা খুনের ক্ষেত্রে লাশ পাহাড়া দেন এবং থানায় পৌঁছনো পর্যন্ত লাশের সঙ্গে থাকেন।
- এলাকায় থানার পুলিশ এলে সবসময় তাদের সাথে থাকেন।
- উঁচু পর্যায়ের সরকারী কর্মকর্তা গণ পরিদর্শনে এলে তাদেরকে সার্বিক সহায়তা করেন।
- আদালতের মামলা মোকদ্দমার তারিখ জারি এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের আদেশ অনুসারে কাজ করেন।
- গ্রাম আদালতে বিচার চলা কালে উপস্থিত থাকেন।
- গ্রামপুলিশ গণ থানা এবং ইউনিয়ন পরিষদের যৌথ নিয়ন্ত্রণে কাজকরেন; প্রতিসপ্তাহেতারাথানাএবংসময়সময়ইউনিয়নপরিষদেহাজিরাদেন।